**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**অর্থ মন্ত্রণালয়**
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**(কাস্টমস ও মূল্য সংযোজন কর)**

**প্রজ্ঞাপন**

**তারিখ: ১৮ জ্যৈষ্ঠ, ১৪২৯ বঙ্গাব্দ/ ১ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ**

**এস,আর,ও নং ১২৭-আইন/২০২২/৭৫/কাস্টমস।-** Customs Act, 1969 (Act No. IV of 1969) এর section 19 এর sub-section (1) এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, জনস্বার্থে, নিম্নবর্ণিত শর্তে সিএনজি ফিলিং স্টেশন স্থাপন ও সিএনজি কার্যক্রম এবং এলপিজি ফিলিং স্টেশন স্থাপন ও এলপিজি কার্যক্রম পরিচালনার জন্য আমদানিকৃত যন্ত্রপাতি, যন্ত্রাংশ ও পণ্যের (সিএনজি কনভার্সন কিট ও সিএনজি সিলিন্ডার এবং এলপিজি কনভার্সন কিট ও এলপিজি সিলিন্ডারসহ) উপর আরোপনীয় আমদানি শুল্ক, যে পরিমাণে মূল্যভিত্তিক ৩ (তিন) শতাংশের অতিরিক্ত হয় সেই পরিমাণ এবং সমুদয় মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক, যদি থাকে, এতদ্দ্বারা অব্যাহতি প্রদান করিল, যথা:—

**শর্তাবলি**

(১) আমদানিকৃত যন্ত্রপাতি ও যন্ত্রাংশ (সিএনজি কনভার্সন কিট ও সিএনজি সিলিন্ডার এবং এলপিজি কনভার্সন কিট ও এলপিজি সিলিন্ডারসহ) সিএনজি ফিলিং স্টেশন স্থাপন ও সিএনজি কার্যক্রম এবং এলপিজি ফিলিং স্টেশন স্থাপন ও এলপিজি কার্যক্রম পরিচালনার জন্য ব্যবহৃত হইবে মর্মে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অন্যূন যুগ্ম-সচিব পদমর্যাদার কোনো কর্মকর্তা চালান-ওয়ারী পরিশিষ্ট-১ অনুযায়ী একটি প্রত্যয়নপত্র প্রদানসহ উহার একটি অনুলিপি জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ কর্তৃক সংশ্লিষ্ট কাস্টম হাউস বা কাস্টমস ষ্টেশনে প্রেরণ করিবেন।

(২) এই প্রজ্ঞাপনের আওতায় রেয়াত প্রাপ্ত আমদানিকৃত যন্ত্রপাতি ও যন্ত্রাংশ অন্যবিধ কোন উদ্দেশ্যে ব্যবহৃত হইলে আমদানিকারক কাস্টমস কর্তৃপক্ষের গৃহীত আইনানুগ যে কোন ব্যবস্থা মানিয়া লইতে বাধ্য থাকিবেন মর্মে আমদানিকৃত পণ্য খালাসের সময়, সংশ্লিষ্ট কমিশনার বরাবরে, পরিশিষ্ট-২ অনুযায়ী একটি অঙ্গিকারনামা দাখিল করিবেন।

(৩) সিএনজি ফিলিং স্টেশন স্থাপন ও কার্যক্রম এবং এলপিজি ফিলিং স্টেশন স্থাপন ও এলপিজি কার্যক্রম পরিচালনার সাথে সরাসরি সম্পৃক্ত নহে এইরূপ তফসিলে বর্ণিত কনজিউম্যাবল পণ্য এই প্রজ্ঞাপন বলে রেয়াত প্রাপ্ত হইবে না।

**ব্যাখ্যা।-** শর্ত (৩) এর উদ্দেশ্য পূরণকল্পে, কনজিউম্যাবল পণ্য অর্থ সিএনজি ফিলিং স্টেশন স্থাপন ও সিএনজি কার্যক্রম এবং এলপিজি ফিলিং স্টেশন স্থাপন ও এলপিজি কার্যক্রম পরিচালনার লক্ষ্যে তফসিলে বর্ণিত আমদানিকৃত কোন পণ্য যাহা প্রত্যক্ষ বা পরোক্ষভাবে ব্যবহারের ফলে আংশিক বা সম্পূর্ণ নিঃশেষ হইয়া যায় অথবা পুনর্ব্যবহার যোগ্যতা হারায়।

২। ৩ জুন, ২০২১ খ্রিস্টাব্দ মোতাবেক ২০ জ্যৈষ্ঠ, ১৪২৭ বঙ্গাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস,আর,ও নং- ১৩৩-আইন/ ২০২০/৮৪/কাস্টমস এতদ্দ্বারা রহিত করা হইল।

৩। এই প্রজ্ঞাপন ৯ জুন ২০২২ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইবে।

**পরিশিষ্ট-১**

**প্রত্যয়নপত্র**

[শর্ত (১) দ্রষ্টব্য]

প্রত্যয়ন করা যাইতেছে যে, (প্রতিষ্ঠানের নাম, ঠিকানা)...................... সিএনজি ফিলিং স্টেশন স্থাপন ও সিএনজি কার্যক্রম এবং এলপিজি ফিলিং স্টেশন স্থাপন ও এলপিজি কার্যক্রম পরিচালনার জন্য অনুমোদিত একটি প্রতিষ্ঠান। প্রত্যয়নাধীন যন্ত্রপাতি ও যন্ত্রাংশ সিএনজি ফিলিং স্টেশন স্থাপন ও সিএনজি কার্যক্রম এবং এলপিজি ফিলিং স্টেশন স্থাপন ও এলপিজি কার্যক্রম পরিচালনা সংক্রান্ত কার্যক্রমের সহিত সম্পর্কিত এবং কেবল সিএনজি ফিলিং স্টেশন স্থাপন ও সিএনজি কার্যক্রম এবং এলপিজি ফিলিং স্টেশন স্থাপন ও এলপিজি কার্যক্রম পরিচালনার নিমিত্ত প্রজ্ঞাপনের শর্ত প্রতিপালনপূর্বক আমদানিকৃত। উক্ত প্রতিষ্ঠান কর্তৃক ইনভয়েস নং................. তারিখ,...................... বিল অব লেডিং/এয়ারওয়ে বিল/ট্রাক রিসিপ্ট নং..................তারিখ,....................এ উল্লিখিত বিবরণ, পরিমাণ ও মূল্য অনুযায়ী আমদানিকৃত যন্ত্রপাতি ও যন্ত্রাংশ সিএনজি ফিলিং স্টেশন স্থাপন ও সিএনজি কার্যক্রম এবং এলপিজি ফিলিং স্টেশন স্থাপন ও এলপিজি কার্যক্রম পরিচালনায় ব্যবহৃত হইবে।

স্বাক্ষর :.................................................

নাম :.................................................

তারিখ: পদবি :.................................................

সীল :.................................................

**পরিশিষ্ট-২**

**অঙ্গিকারনামা**

[শর্ত (২) দ্রষ্টব্য]

আমি/আমরা এই মর্মে অঙ্গিকার ও প্রত্যয়ন করিতেছি যে, ইনভয়েস নং......................... তারিখ,....................................... বিল অব লেডিং/এয়ারওয়ে বিল/ট্রাক রিসিপ্ট নং.................... তারিখ,...................এর মাধ্যমে আমদানিকৃত যন্ত্রপাতি ও যন্ত্রাংশ সিএনজি ফিলিং স্টেশন স্থাপন ও সিএনজি কার্যক্রম এবং এলপিজি ফিলিং স্টেশন স্থাপন ও এলপিজি কার্যক্রম পরিচালনা সংক্রান্ত কার্যক্রমের সহিত সম্পর্কিত এবং কেবল সিএনজি ফিলিং স্টেশন স্থাপন ও সিএনজি কার্যক্রম এবং এলপিজি ফিলিং স্টেশন স্থাপন ও

এলপিজি কার্যক্রম পরিচালনায় ব্যবহৃত হইবে। আমি/আমরা আরো অঙ্গিকার করিতেছি যে, আমদানিকৃত যন্ত্রপাতি ও যন্ত্রাংশসমূহ ফিলিং স্টেশন স্থাপন ও সিএনজি কার্যক্রম এবং এলপিজি ফিলিং স্টেশন স্থাপন ও এলপিজি কার্যক্রম পরিচালনা ব্যতীত অন্য কোন উদ্দেশ্যে/স্থানে ব্যবহৃত/স্থাপিত হইলে আমি/আমরা আমদানিকালে উহার উপর প্রযোজ্য সকল শুল্ক ও কর পরিশোধ করিতে বাধ্য থাকিব এবং উহার জন্য Customs Act, 1969 (Act No. IV of 1969) এর অধীন আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হইলে আমি/আমরা তা মানিয়া লইতে বাধ্য থাকিব।

প্রতিষ্ঠানের নাম :.......................................................................................................
ঠিকানা :..........................................................................................................................
.........................................................................................................................।

**তফসিল**

[শর্ত (৩) দ্রষ্টব্য]

(কনজিউম্যাবল পণ্যের তালিকা)

১. নির্মিত ভবন বা শেড;

২. স্টিল শিট (steel sheet): American Standard Testing Method (ASTM) অনুযায়ী ১০ (দশ) মিলিমিটার বা তৎনিম্ন A36 বা সমমানের MS প্লেট;

৩. সকল ধরনের স্টিল রড;

৪. লে-আউট প্ল্যানে উল্লেখ নেই এমন পরিমাপ (diameter) এর স্টিল পাইপ;

৫. সকল ধরনের সিমেন্ট, বালি, স্টোন, টাইলসসহ সকল প্রকার কন্সট্রাকশন ম্যাটেরিয়ালস;

৬. লুব্রিকেটিং অয়েলসহ সকল ধরনের অয়েল;

৭. প্রি-ফেব্রিকেটিড বিল্ডিং এবং এর পার্টস;

৮. সকল ধরনের বৈদ্যুতিক লাইট এবং লাইট-ফিটিংস;

৯. কয়েল আকারে আমদানিতকৃত ক্যাবল (বিভিন্ন যন্ত্রপাতির সাথে অপরিহার্য পরিমাণ ক্যাবল ব্যতীত);

১০. ট্রান্সফর্মার ও ট্রান্সফর্মার অয়েল;

১১. সকল ধরনের রং (paint) ও ভার্নিশ;

১২. গৃহস্থালী সামগ্রী (household goods);

১৩. সকল ধরনের রাসায়নিক সামগ্রী (chemicals);

১৪. সকল ধরনের অফিস সরঞ্জামাদি ও আসবাবপত্র;

১৫. অনূর্ধ্ব ২,০০,০০০ বিটিইউ (BTU) সম্পন্ন air conditioner;

১৬. সকল ধরনের রেফ্রিজারেটর;

১৭. Customs Act, 1969 (Act No. IV of 1969) এর First Schedule এ বর্ণিত Heading 87.02 হইতে Heading 87.03 এর অন্তর্ভুক্ত সকল ধরনের যানবাহন;

১৮. প্ল্যান্টের লে-আউট প্ল্যান বা ডিজাইনে উল্লেখ নেই বা প্ল্যান্ট স্থাপনের সাথে সম্পর্কিত নয় এমন পণ্য; এবং

১৯. এমন স্পেসিফিকেশন (specification) এর পণ্য বা নির্মাণ সামগ্রী ও সরঞ্জাম যাহা বাংলাদেশে দুই বা ততোধিক প্রতিষ্ঠানে উৎপাদিত হয়।

**রাষ্ট্রপতির আদেশক্রমে,**

**স্বাক্ষরিত/-**
**আবু হেনা মোঃ রহমাতুল মুনিম**
**সিনিয়র সচিব।**